**ফৌজদারি আদালতে নির্যাতিত অভিবাসী:বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলী এবং উত্তরসমূহ**

অভিবাসী নির্যাতিত ব্যক্তিদের পক্ষে প্রায়ই পারিবারিক সহিংসতার সমাধানের জন্য সিস্টেম ভিত্তিক প্রক্রিয়ার মধ্য দিয়ে যাওয়া দুষ্কর। মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরের অভিজ্ঞতা ও তার সঙ্গে সংস্কৃতিগত পার্থক্য ও ভাষার অনুবাদকারির অভাবের জন্য প্রাতিষ্ঠানিক পরিষেবা গ্রহন অভিবাসী ব্যক্তিদের নিরুৎসাহিত করতে পারে। আইনী পদ্ধতির মধ্যে দিয়ে যাচ্ছেন এমন ব্যক্তিকে – স্বেচ্ছায় অংশগ্রহণকারী বা বাধ্য হয়ে অংশগ্রহন করছেন – সকলকে মৈত্রীতে আমরা সাহায্য করার চেষ্টা করি। পুলিশ বা ফৌজদারি বিচার ব্যবস্থার সাথে জড়িত পরিস্থিতিতে আমাদের এই প্রচেষ্টা সাহায্য করে। প্রো-বোনো প্রকল্পের (Pro Bono Project) সাথে যৌথভাবে আমরা অপরাধমূলক বিচার ব্যবস্থার সাথে জড়িতদের কিছু বহুল জিজ্ঞাসিত প্রশ্ন নথিভুক্ত করেছি। নিম্নলিখিত বিভাগটি কেবল তথ্য সম্পর্কিত -- আইনি পরামর্শ নয়।

**আমরা স্মরণ রাখি যে**:

- ব্যক্তিগণ যাঁরা আদালত প্রক্রিয়ায় জড়িত, তাঁদের নিজেদের বাছাই করার অধিকার আছে।
- সংবেদনশীলতা, আর্থিক, শারীরিক, অভিবাসন সম্পর্কিত, সাংস্কৃতিক এবং অন্যান্য বিষয় আদালত প্রক্রিয়ায় অংশ গ্রহনে বাঁধা হয়ে দাড়ায় ।
- নির্যাতিত ব্যাক্তির নিজের সিদ্ধান্তের ন্যায্যতা অপরের কাছে প্রমাণ করার প্রয়োজন নেই ।
- তথ্য একটি সরঞ্জাম যা ব্যক্তিকে অবহিত করে এবং পছন্দ ও বাছাই করার ক্ষমতা দিয়ে থাকে।

মৈত্রীর কাছে পৌঁছানো অনেকের অভিজ্ঞতা থেকে নিম্নলিখিত প্রশ্নোত্তর সূচিত হয়েছে, যা কোনোভাবেই সমস্তরকম প্রশ্ন ও উদ্বেগের সম্পূর্ণ তালিকা নয়, যা অ্যাডভোকেটরা অনেকসময়ই ক্লায়েন্টদের কাছ থেকে শুনতে পান।

* মৈত্রী এবং সিলিকন ভ্যালির প্রো বোনো প্রকল্প  অভিবাসী নির্যাতিত দের জন্য সেই প্রশ্ন এবং উত্তর একসাথে লিপিবদ্ধ করেছে যে তথ্য ফৌজদারি আদালতে সাক্ষী হওয়ার আগে সাহায্য করতে পারে।

**১. আমায় কি সাক্ষ্য দিতেই হবে? আমি সাক্ষ্য না দিলে কী হতে পারে?**

আপনার সাক্ষ্য দেওয়ার দরকার হতে পারে। আপনার কেস পরিচালনা করা সহকারী জেলা অ্যাটর্নির সাথে কথা বলুন।
সাক্ষ্য না দিতে চাইলে , তাদের জানিয়ে দিন যে আপনি অনিচ্ছুক, ভয় পাচ্ছেন বা  সাক্ষ্য দিতে চান না - তারা আপনার কেস নিয়ে এগিয়ে যাওয়ার সাথে সাথে এটি বিবেচনা করতে পারেন।

**২. আমার স্বামী/স্ত্রী/সঙ্গী যদি দোষী সাব্যস্ত হয় তবে তাকে কি আমেরিকা থেকে নির্বাসন দেওয়া হবে?**

ইমিগ্রেশন একটি জটিল বিষয় এবং এ’ব্যাপারে খুব কমই হ্যাঁ /না উত্তর দেওয়া যায়। নির্বাসন একজন অপরাধী অভিবাসীর চরম পরিণতি। আপনার স্বামী/পত্নী /সঙ্গীকে নির্বাসন দেওয়া হবে কিনা তা নির্ভর করে অপরাধের গুরুত্বের উপর, বিচারকের দ্বারা দোষী সাব্যস্ত হওয়া এবং একটি অভিবাসন বিচারকের সামনে আরও কার্যক্রমের মধ্যে দিয়ে যাওয়ার উপর। অভিবাসন সম্পর্কিত নির্দিষ্ট প্রশ্নের জন্য আপনি একজন অ্যাটর্নির সাথে যোগাযোগ করুন।

**৩. আমার স্বামী/স্ত্রী / সঙ্গী কি জেলে যেতে পারেন?**

এই বিষয়টি নির্ভর করে মামলার রায়ের উপর।  শাস্তি জরিমানা, প্রবেশন, কারাবাস বা অন্য কি হবে তা নির্ভর করে মামলার তথ্যের উপর।

**৪. যদি কোনও বিচারক আমাকে বিশ্বাস না করে তবে কি হবে?**

বিচার চলাকালীন বিশ্বাসযোগ্য অন্যান্য প্রমাণ পেশ করা যেতে পারে যার থেকে অপরাধ প্রমাণ করা যায়।

**৫. আমার নির্যাতকের সামনে কি আমাকে সাক্ষ্য দিতে হবে?**

বর্তমান সময়ে সমস্ত সাক্ষী খোলা আদালতে সাক্ষ্য দেয় যার অর্থ নির্যাতক উপস্থিত থাকতে পারেন। শুনানির সময় আপনার সাথে কোনও সমর্থক রাখার অনুমতি দেওয়া হতে পারে, যিনি সর্বদা আপনার সাথে আদালতের মধ্যে থাকতে পারেন। সাক্ষীকে হুমকি দেয়া একটি অপরাধ, এবং অন্য পক্ষ থেকে যে কোনও রকমের ভয় দেখানো হলে আপনি তা রিপোর্ট করতে পারেন। কোভিড-মহামারী চলাকালীন, নির্দিষ্ট আদালতের উপস্থিতি দূরবর্তী হতে পারে যেখানে আপনি এবং আপনার নির্যাতনকারীর একই ঘরে থাকার প্রয়োজন নেই, তবে আপনার সচেতন হওয়া দরকার যে অন্য পক্ষ একই কল বা ভিডিও কনফারেন্সে থাকতে পারেন।

**৬. আমি কি আদালতকে অপরাধীকে শাস্তি না দেওয়ার জন্য বলতে পারি?**

কোনও অপরাধের শিকার হিসাবে, ঘটনার বিষয়ে আপনার অনুভূতিগুলি ডিস্ট্রিক্ট এটর্নির কাছে বলতে পারেন এবং আপনি কী চান তা প্রকাশ করতে পারেন। এটি গ্যারান্টি দেয় না যে চার্জগুলি বাদ দেওয়া হবে, এটি ডি-এর বিবেচনার ভিত্তিতে নির্ধারণ করা হবে। [উপরে যেমন বলা হয়েছে, একজন বিচারকও অপরাধের তীব্রতার উপর ভিত্তি করে শাস্তির ব্যাপ্তি নির্ধারণ করতে পারেন।]

**৭. আমি কি আদালতকে বলতে পারি যে আমি আসামীকে আরও একটি সুযোগ দিতে চাই?**

কোনও অপরাধের শিকার হিসাবে, আপনি এই ঘটনার বিষয়ে আপনার অনুভূতিগুলি ডিস্ট্রিক্ট এটর্নির কাছে বলতে পারেন এবং আপনি আসামীর কি শাস্তি  আশা করেন তা প্রকাশ করতে পারেন । এটি গ্যারান্টি দেয় না যে চার্জগুলি বাদ দেওয়া হবে, যেটা নির্ভর করে ডি-এর বিবেচনার উপর।

যদি আসামীকে দোষী সাব্যস্ত করা হয়, তখন নিপীড়িতের পক্ষে ক্ষতির প্রভাব বিবৃতি দেওয়ার সুযোগ রয়েছে। এটি ডি-এ এবং/বা বিচারককে দেওয়া লিখিত বিবৃতি হতে পারে, বা একটি বক্তৃতা হতে পারে। আপনার স্ব-লিখিত বা নিজের পড়া বিবৃতি।

**৮. আমি পুলিশকে ফোন করিনি। আমি কোনও সুরক্ষা আদেশ চাই না। আমি কি করতে পারি?**

যে কেউ পারিবারিক সহিংসতার প্রতিরোধে 911 / পুলিশকে কল করতে পারে – প্রতিবেশী, বা অন্যান্য যে কোনো ব্যক্তি --
যদি তারা ঘটনাটি লক্ষ্য করেন, শুনেন বা দেখেন। পুলিশ ঘটনাস্থলে পৌঁছনোর পর, প্রায়ই জরুরী সুরক্ষা আদেশ প্রদান করে। আপনি যদি কোনও প্রতিরক্ষামূলক আদেশ না চান তবে আপনি পুলিশ অফিসারকে জানাতে পারেন। আসামীকে যদি গ্রেপ্তার করা হয়, তবে আদালত প্রায়ই যোগাযোগ না রাখার আদেশ প্রদান করে। আদালতের আদেশে এই আদেশ শান্তিপূর্ণ যোগাযোগের নির্দেশ হিসাবে বদলানো যায়।
এই ব্যাপারে আরো তথ্য এখানে পাওয়া যাবেঃ
https://www.scscourt.org/self_help/restraining/crim_ro.shtml

**৯. আমার স্ত্রী/স্বামী / সঙ্গীর বিরুদ্ধে আমাকে সাক্ষ্য দিতে বলা হয়েছে। আমার কি আইনজীবী দরকার?**

না, তবে আপনি যে কোন সময় আইনী পরামর্শ চাইতে পারেন।

**১০. আদালতের প্রক্রিয়া কত দিন ধরে চলবে?**

এটি প্রতিটি ক্ষেত্রে পৃথক পরিস্থিতির উপর নির্ভর করে। ডিস্ট্রিক্ট অ্যাটর্নি'র সাথে কথা বলুন যাতে আপনি এ’ ব্যাপারে একটি ভাল ধারণা পেতে পারেন।

**১১. সিপিএস / ডিএফসিএস কল করলে আমি কী করব?**

কোনো ঘটনায় যেখানে পুলিশ রিপোর্ট পেশ করে, আর শিশুরা উপস্থিত বা জড়িত, সিপিএস / ডিএফসিএসে একটি প্রতিবেদন প্রেরণ করা হয়। ঘটনার পরিস্থিতির উপর নির্ভর করে সিপিএস / ডিএফসিএস নির্যাতিতর সাথে যোগাযোগ করতে পারেন যাতে
বাচ্চাদের সুরক্ষা, ঝুঁকি এবং সুস্বাস্থ্যের যথাযথ মূল্যায়ন করা হয়। আপনার ভিক্টিম এডভোকেটের সঙ্গে সাহায্যের জন্য যোগাযোগ করুন।

**১২. আমার নির্যাতক যদি নির্বাসিত হন আর বাচ্চারা যদি আমার নির্যাতকের সাথে চলে যায়, আমি কী করতে পারি?**

শিশু হেফাজত পারিবারিক আইনের বিষয় এবং অভিবাসন (ইমিগ্রেসন) এর সাথে সরাসরি সংযুক্ত নয়। সঠিক উত্তরের জন্য আপনার মামলার বিশদ বিবরণ সহ রিসোর্স পৃষ্ঠায় উল্লিখিত একজন আইনজীবীর সাথে যোগাযোগ করুন ।

**১৩. আমার নির্যাতককে ডাইভার্সন দেওয়া হলে এর অর্থ কী? (সান্তা ক্লারা কাউন্টির জন্য)**

ডাইভার্সন এমন একটি প্রোগ্রাম যেখানে অপরাধীকে প্রবেশন (সাধারণতঃ) রাখা হয় এবং বিভিন্ন ক্লাসে প্রেরণ করা হয়
তাদের পুনর্বাসনে সহায়তা করার জন্য । আপনার যদি প্রশ্ন থাকে তবে জেলা অ্যাটর্নি'র সাথে বিশদভাবে আলোচনা করুন।

**১৪. আমার বাচ্চাদের কি সাক্ষ্য দিতে বলা হবে?**

বেশিরভাগ ক্ষেত্রে, বয়সের উপর নির্ভর করে বাচ্চাদের সাধারণতঃ সাক্ষ্য দিতে হয় না।

**১৫. আমি আদালতে না আসলে কি হয়?**

আপনাকে শমন দেওয়া হলে, আপনি যদি সাক্ষ্য দিতে আদালতে উপস্থিত না হন তবে পরোয়ানা জারি করে আপনাকে আদালতে আসার জন্য বলা সম্ভব। আদালত শমন দিলে আপনার অবশ্যই শুনানিতে হাজির হওয়া উচিত।

**১৬. আমার অভিবাসন স্থিতিতে কী ঘটতে পারে?**

ইমিগ্রেশন একটি জটিল প্রক্রিয়া এবং এর কোনও সহজ উত্তর নেই। তবে, পারিবারিক  সহিংসতায় ক্ষতিগ্রস্থরা অপরাধের মামলায় সহযোগিতার ভিত্তিতে অভিবাসন এর জন্য আবেদন করার যোগ্য। আরও তথ্যের জন্য, আমাদের রিসোর্সে উল্লেখ করা সংস্থাগুলিতে যোগাযোগ করুন ।

**১৭. পারিবারিক আদালত বলছে যে শিশু পরিদর্শন হতে পারে। ফৌজদারি আদালত একটি সুরক্ষা আদেশ দিয়েছেন।  সিপিও সংশোধন করা কি আমার দায়িত্ব?**

না, তবে সিপিওতে পরিদর্শন করার অনুমতি দেওয়ার জন্য সংশোধন করা দরকার। যে কোনও পক্ষই এই পরিবর্তনটি চাইতে পারেন।

**১৮. যদি আমি নির্যাতকের বিরুদ্ধে সাক্ষ্য দিই বা না দিই, তবে কি আমি বাচ্চাদের হেফাজত হারাতে পারি?**

কাস্টোডি ফ্যামিলি কোর্ট দ্বারা নির্ধারিত হয়। ফৌজদারি আদালত আদেশ দেয় না হেফাজতের বিষয়। বিশদ আলোচনার জন্য অ্যাটর্নির সাথে যোগাযোগ করুন জেনে নিতে যে  ফৌজদারি মামলায় আপনার অংশ নেওয়া বা না নেওয়া প্রত্যক্ষ বা পরোক্ষভাবে আপনার পারিবারিক হেফাজত মামলায় প্রভাব ফেলতে পারে কিনা।

**১৯. যদি নির্যাতককে দোষী সাব্যস্ত করা হয়, তবে শিশুরা কি অন্য পিতামাতাকে দেখতে সক্ষম হবে?**

সাধারণত, আদালতে দোষী প্রমাণিত হলেও শিশুরা পিতামাতাকে দেখতে সক্ষম হয়। তবে, যদি আদালত জানতে পারে যে দোষী সাব্যস্ত হওয়া  পিতা/মাতার কাছে বাচ্চারা সুরক্ষিত নাও থাকতে পারে, তখন আদালত অন্যান্য অর্ডার করতে পারেন। [বিপদ বা বিপদের সম্ভাবনার উপর নির্ভর করে কিছু ক্ষেত্রে আদালত সন্তানের জন্য হেফাজত এবং দর্শন সীমাবদ্ধ করতে পারে।]

**২০. যদি নির্যাতক দোষী সাব্যস্ত না হয় তবে আমি নিজেকে এবং আমার পরিবারকে সুরক্ষার জন্য অন্য কোনো উপায় নিতে পারি কি?**

একজন নির্যাতিত ব্যাক্তি যে কোনও সময়ে পারিবারিক আদালতে সুরক্ষামূলক আদেশের জন্য ফাইল করতে পারেন।

**২১. "যুক্তিযুক্ত সন্দেহের বাইরে প্রমাণ" (Proof Beyond Reasonable Doubt) এর অর্থ কী?**

যুক্তিসঙ্গত সন্দেহের বাইরে প্রমাণ একটি মানদণ্ড যার হিসাবে আপনাকে অবশ্যই প্রমাণ দেখাতে হবে ফৌজদারি আদালতে। অন্য কথায়, কেউ দোষী সাব্যস্ত হওয়ার জন্য, উপস্থাপিত প্রমাণ

অবশ্যই এমন হতে হবে যেন আপনি অথবা ডি-এ যা প্রমাণ করার চেষ্টা করছেন অপরাধী সেগুলি করেছে এবং অন্যান্য যুক্তিসঙ্গত প্রমাণ থেকে আর কোনও উপসংহার টানা সম্ভব নয়। সহজভাবে বলতে গেলে, যদি কোনও সন্দেহ থাকে যে অভিযুক্ত ব্যক্তি নির্দোষ হতে পারেন, তবে আদালত তাকে দোষী সাব্যস্ত করবে না।

**২২। কীভাবে এটি "প্রমাণের আধিক্য" (preponderance of evidence”থেকে আলাদা?**

প্রমাণের আধিক্যের বিষয়টি পারিবারিক আদালতে ব্যবহৃত প্রমাণের মান। অন্য কথায়, বিচারক যদি প্রমাণ হিসাবে বিশ্বাস করেন যে কেবলমাত্র একটি পালকের ওজন (৫১%) দ্বারা বিচারের রায়কে উল্টানো সম্ভব, তারপরেও বিচারক সেই প্রমাণের পক্ষে রায় দিতে পারেন। [স্পষ্টতার জন্য, তুলনামুলকভাবে এটি অপেক্ষাকৃত নিম্ন বোঝা "যুক্তিসঙ্গত সন্দেহের বাইরে" র থেকে। এর ভিত্তিতে পারিবারিক আদালত উপস্থাপিত প্রমাণের ওপর সিদ্ধান্ত নিতে সক্ষম – নির্ধারণ করতে পারেন অভিযুক্ত অপরাধ করেছেন কি করেন নি।।]

* এই তথ্য সেবা মুলক প্রকল্পটি সিলিকন ভ্যালির প্রো বোনো প্রকল্প (https://www.probonoproject.org/) এবং মৈত্রীর (www.maitri.org) একটি যৌথ উদ্যোগ।

এটি পরামর্শ বা উপদেশ হিসাবে পরিবেশন করার উদ্দেশ্যে গ্রন্থিত নয়।